প্রতিবন্ধীদের সহায়ক সামগ্রী বিতরণ

তেলিয়ামুড়া অফিস

২ এপ্রিল ঃ জন উন্নয়ন সমিতি, ত্রিপুরার উদ্যোগে শনিবার তেলিয়ামুড়া ব্লকের পঞ্চায়েত সমিতির হল ঘরে এক অনুষ্ঠানের মাধ্যমে তেলিয়ামুড়া এলাকার প্রতিবন্ধীদের মধ্যে বিভিন্ন সহায়ক সামগ্রী বন্টন করা হয়েছে।

জন উন্নয়ন সমিতি, ত্রিপুরা (জাস্ট) এর সিবিআর কো-অর্ডিনেটর প্রশান্ত চৌধুরী জানিয়েছেন, বেলা বারোটায় পঞ্চায়েত সমিতির হল ঘরে আয়োজিত এই অনুষ্ঠানে এলাকার আটজন প্রতিবন্ধীকে শৌচালয় যুক্ত চেয়ার এবং দশজন মানসিক প্রতিবন্ধীকে পড়াশোনা সহায়ক কিছু সামগ্রী প্রদান করা হয়েছে। অনুষ্ঠানে তেলিয়ামুড়া ব্লকের বিডিও, তেলিয়ামুড়া বিদ্যালয় পরিদর্শক, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, সিডিপিও এবং জন উন্নয়ন সমিতির ত্রিপুরা অধিকর্তা উপস্থিত ছিলেন। আগামী দিনেও প্রতিবন্ধীদের সহায়ক বিভিন্ন সামগ্রী বন্টন করা হবে বলে উদ্যোক্তারা জানিয়েছেন।